গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(রাজস্ব শাখা)
(www.rangamati.gov.bd)

স্মারক নং : ৩১.৪২.৮৪০০.২২৬.০১.০৪৬.১৭-১৭০৬

তারিখ : ৩১.১২.২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ১৮ জুন, ২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২২১.১২-৫১০ নং এবং ২৫ জুলাই, ২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৭-১০ নং ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলার রাজস্ব প্রশাসন ও অধীনস্থ সহকারী কমিশনার (ভূমি) কার্যালয় এর নিম্নবর্ণিত শূণ্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী স্থায়ী পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের হতে নিম্নবর্ণিত শর্তে ভূমি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল/ গ্রেড	শিক্ষাগত যোগ্যতা
১.	অফিস সহায়ক	১৩ (তের)টি	৮২৫০-২০০১০/-(গ্রেড-২০)	অষ্টম শ্রেণী পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা
২.	নিরাপত্তা প্রহরী	০২ (দুই)টি	৮২৫০-২০০১০/-(গ্রেড-২০)	অষ্টম শ্রেণী পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা

আবেদনের শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। অফিসের নির্ধারিত আবেদন ফরমটি www.rangamati.gov.bd ওয়েবসাইটের 'নোটিশ বোর্ড' সেকশনে পাওয়া যাবে। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদ পত্রের অনুলিপি (১ম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি (যা আবেদন ফরমে নির্ধারিত স্থানে লাগাতে হবে)।
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।
(ঘ) জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্রের সত্যায়িত কপি।
(ঙ) জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
(চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
(ছ) ১ম শ্রেনির সরকারি গেজেটেড কর্মকর্তার (নাম, সীলযুক্ত) প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(জ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত কপি।
(ঝ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদ পত্রের সত্যায়িত কপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল কপি দেখাতে হবে।
(ঞ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৪। প্রার্থীর বয়স ২১/১/২০১৮ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৬ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ১৬৫ নং স্মারক পত্রের আলোকে তিন পার্বত্য জেলার স্থায়ী অধিবাসীদের বয়স ১০ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং মুক্তিযোদ্ধা কোটা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোর্চ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষা ফি বাবদ কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ (পরীক্ষা ফি)-তে ২০০/-(দুইশত) টাকা (অফেরৎযোগ্য) জমা প্রদান করে চালানের মূল কপি এবং প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ৮/- টাকার ডাকটিকিট লাগানো ১০ × ৪৫ সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্র জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা-কে সম্বোধন করে ২১/১/২০১৮ তারিখ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি এর ই-সেবা কেন্দ্রে জমা দেয়া যাবে অথবা রেজিস্টার্ড ডাকযোগে এ অফিসে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৭। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

৮। প্রার্থীকে খামের উপর অবশ্যই প্রার্থীত পদের নাম স্পষ্টক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল সনদ/কাগজপত্র সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নাম সম্বলিত সীল থাকতে হবে।

১০। নিয়োগকারীকর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সংগে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে আবেদন আপনা-আপনি বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

১৪। আবেদনপত্রে বর্ণিত যে কোন তথ্য যে কোন পর্যায়ে ভূঁয়া প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগ প্রদানের ক্ষেত্রে কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭। নিয়োগের বিষয়ে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

(মোহাম্মদ মানজারুল মান্নান)
জেলা প্রশাসক
ফোন-০৩৫১-৬২২১১
E-mail-dcrangamati@mopa.gov.bd

স্মারক নং : ৩১.৪২.৮৪০০.২২৬.০১.০৪৬.১৭-১৭০৬

তারিখ : ৩১.১২.২০১৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব, উদ্বৃত্ত কর্মচারী অধিশাখা। তাঁর ১৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২২১.১২-৫১০ নং এবং ২৫ জুলাই. ২০১৭ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৭-১০ নং স্মারকের আলোকে)।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক.....(সকল)।
৫। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি।
৮। মূখ্য নির্বাহী অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৯। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।

কার্যার্থে ও বহুল প্রচারের জন্য

১। চেয়ারম্যান..... উপজেলা/ ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গামাটি : বহুল প্রচারের জন্য।
২। সহকারী কমিশনার (আইসিটি শাখা); রাঙ্গামাটি পার্বত্য জেলার ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য।
৩। জেলা তথ্য কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা। ; বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা / উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....(সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। সম্পাদক, ...। তাকে উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় সংক্ষিপ্ত পরিসরে ১ (এক) দিনের জন্য আগামী ৪.১.২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণ করত: প্রচারিত সংখ্যার ০৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। নোটিশ বোর্ড।

৩১/১২/১৭
জেলা প্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা